

স্মারক খ্রিঃ- স্বাঃ অধিঃ/চিঃশিঃ/বেসরকারী-ভর্তি/এমবিবিএস/২০১৭-২০১৮/০৭৭

তারিখঃ ০৫/১১/২০১৭ খ্রিঃ

অনুমোদিত বেসরকারী মেডিকেল কলেজ সমূহে এমবিবিএস কোর্সে ছাত্র-ছাত্রী ভর্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি
শিক্ষা বর্ষ : ২০১৭-২০১৮

অনুমোদিত বেসরকারী মেডিকেল কলেজ সমূহে ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে ছাত্র-ছাত্রী ভর্তির জন্যে সংশ্লিষ্ট কলেজ কর্তৃপক্ষ 'বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল' এবং স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় কর্তৃক প্রণীত নীতিমালার আলোকে এবং স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের সিদ্ধান্ত মোতাবেক এমবিবিএস কোর্সে ভর্তি বিজ্ঞপ্তি প্রকাশ করতে পারবেন। বিজ্ঞপ্তিটি বহুল প্রচারিত কমপক্ষে ২টি বাংলা ও ১টি ইংরেজি দৈনিক পত্রিকায় প্রকাশ করতে হবে। নিজস্ব Website -এ বিজ্ঞপ্তিটি বাংলা ও ইংরেজী ভাষায় upload করতে হবে।

স্বাস্থ্য মন্ত্রণালয়ে গৃহীত সিদ্ধান্ত মোতাবেক এমবিবিএস কোর্সে ভর্তি পরীক্ষার লিখিত পরীক্ষায় 'বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল' এবং স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় কর্তৃক প্রণীত নীতিমালার আলোকে ন্যূনতম ৪০ বা তদুর্ধ্ব প্রাপ্ত নম্বরধারীদের মেধা তালিকা প্রস্তুত করা হয়েছে, যাহা সকল সরকারী ও বেসরকারী মেডিকেল কলেজের জন্য প্রযোজ্য। ভর্তির ক্ষেত্রে উক্ত মেধা তালিকা অনুসরণ পূর্বক মুক্তিযোদ্ধাসহ অন্যান্য কোটার নীতিমালা অনুসরণ করতে হবে। ছাত্র-ছাত্রীরা তাদের পছন্দের কলেজে আবেদন করবেন। স্বাস্থ্য অধিদপ্তরের ওয়েব সাইট www.dghs.gov.bd থেকে ভর্তি পরীক্ষার ফলাফল ডাউনলোড করা যাবে।

ভর্তি কার্যক্রমের সিডিউল নিম্নরূপ।

ক্রম	বিবরণী	সময়
০১	ভর্তি বিজ্ঞপ্তি প্রকাশ	১৫-১১-২০১৭ হতে।
০২	আবেদন পত্র বিতরণ শুরু	১৬-১১-২০১৭ হতে।
০৩	আবেদন পত্র জমা নেওয়ার শেষ তারিখ	২৬-১১-২০১৭ পর্যন্ত।
০৪	প্রাপ্ত সকল আবেদনের কোটাভিত্তিক পূর্ণাঙ্গ তালিকা (Merit A – Z) প্রকাশ	২৮-১১-২০১৭ হতে।
০৫	ছাত্র-ছাত্রী ভর্তি প্রক্রিয়া শুরু	০২-১২-২০১৭ হতে।
০৬	ছাত্র-ছাত্রী ভর্তি প্রক্রিয়ার শেষ তারিখ	৩১-১২-২০১৭ পর্যন্ত।
০৭	ক্লাস শুরু	জানুয়ারী ১০, ২০১৮।

এতে মহাপরিচালক মহোদয়ের সদয় সম্মতি রয়েছে।



অধ্যাপক ডাঃ মোঃ আব্দুর রশিদ
পরিচালক, চিকিৎসা শিক্ষা ও স্বাস্থ্য জনশক্তি উন্নয়ন
স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
ফোনঃ-৯৮৪৫৪০০, ফ্যাক্স-৯৮৮৬৬১২
Email: medicaledu313@gmail.com

অনুলিপি জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে) :-

১. মাননীয় মন্ত্রী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃষ্টি আকর্ষণ: মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব)
২. সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (দৃষ্টি আ: সচিব মহোদয়ের একান্ত সচিব)
৩. চেয়ারম্যান, বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, শের-এ বাংলা নগর, ঢাকা। (দৃষ্টি আকর্ষণ:- সচিব, বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন)
৪. উপাচার্য, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট
৫. উপাচার্য, বিএসএমএমইউ, শাহাবাগ, ঢাকা।
৬. উপাচার্য, চট্টগ্রাম ও রাজশাহী মেডিকেল বিশ্ববিদ্যালয়
৭. অতিরিক্ত সচিব (চিকিৎসা শিক্ষা), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (দৃষ্টি আকর্ষণ:- সহকারী পরিচালক, সময়)
৯. যুগ্ম-সচিব (চিকিৎসা শিক্ষা), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০. পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা। বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে প্রচারের সার্বিক ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা গেল।
১১. ডীন, ফ্যাকাল্টি অব মেডিসিন, (সকল বিশ্ববিদ্যালয়) ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/ শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট।
১২. রেজিস্ট্রার, বিএমডিসি, ২০৩, শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরণী (পুরাতন : ৮৬, বিজয় নগর), ঢাকা।
১৩. অধ্যক্ষ,(সকল বেসরকারী মেডিকেল কলেজ)
১৪.

নং-স্বাঃ অধিঃ/এমই/এমবিবিএস/ বেসরকারী-ভর্তি/২০১৭-২০১৮/

তারিখঃ -১১-২০১৭ খ্রিঃ

বিজ্ঞপ্তি

মেডিকেল কলেজে (২০১৭-২০১৮) ১ম বর্ষ এম.বি.বি.এস কোর্সে ভর্তির জন্য নির্ধারিত ছাত্র/ ছাত্রীগণকে জানানো যাইতেছে যে, আগামী.....তারিখ হইতে নির্ধারিত “ছক” অনুসারে ভর্তির কাজ শুরু হবে এবং সকাল ৮.০০-১০.০০ ঘটিকার মধ্যে স্টুডেন্ট সেকশন থেকে নির্ধারিত ফরম সংগ্রহ পূর্বক প্রয়োজনীয় কাগজপত্র জমা দিতে হবে।

আবেদন পত্রে যে সমস্ত তথ্য ও সনদপত্রের উল্লেখ আছে তার মূল কপি ভর্তির সময় অবশ্য-ই প্রদান করতে হবে।

১. On line application এর Student copy.
২. On line download কৃত Admit card
৩. এস,এস,সি ও এইচ, এস,সি বা সমমান পরীক্ষার একাডেমিক ট্রান্সক্রিপ্ট এর মূল কপি।
৪. এস,এস,সি ও এইচ, এস,সি বা সমমান পরীক্ষা পাসের সনদপত্র/টেস্টোমনিয়াল এর মূল কপি।
৫. নাগরিকত্ব প্রমানের ক্ষেত্রে সিটি কর্পোরেশনের মেয়র/ পৌরসভার চেয়ারম্যান/ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ ওয়ার্ড কমিশনার প্রদত্ত নাগরিক সনদপত্রের মূল কপি।
৬. চার কপি সদ্য তোলা পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙিন ছবি।
৭. পার্বত্য জেলার উপজাতীয় প্রার্থীর ক্ষেত্রে সার্কেল চীফ এবং জেলা প্রশাসকের সনদ ও অ- উপজাতীয় প্রার্থীর ক্ষেত্রে সার্কেল চীফ বা জেলা প্রশাসক প্রদত্ত সনদপত্র এবং অন্যান্য জেলার উপজাতীয় প্রার্থীদের ক্ষেত্রে গোত্র প্রধান ও সংশ্লিষ্ট ডিপুটি কমিশনার প্রদত্ত মূল সনদপত্র।
৮. সংরক্ষিত ২% মুক্তিযোদ্ধা কোটায় ছাত্র-ছাত্রীদের ভর্তির জন্য মহান মুক্তিযুদ্ধে অংশগ্রহণের স্বপক্ষে ১৯৯৭-২০০১ সাল পর্যন্ত বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদের অধীনে তৎকালীন মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রত্যাহারিত সনদ বা মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয় গঠনের পর থেকে মাননীয় মন্ত্রী/প্রতি-মন্ত্রী ও সচিব স্বাক্ষরিত সনদ। (মুক্তিযোদ্ধা কোটার দাবিদার সন্তানদের সন্তান এর ক্ষেত্রে সরকার কর্তৃক জারীকৃত বিধি বিধান অনুসরণ করা হবে)।
৯. “ও”লেভেল এবং “এ”লেভেল/ সমমানের মার্কসীট স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক Equivalence Certificate এর মাধ্যমে স্বীকৃত হতে হবে।

উল্লেখ্য যে, নির্ধারিত কমিটি কর্তৃক ভর্তি সংক্রান্ত কাগজপত্র যাচাই-বাছাই করার পর স্বাস্থ্য পরীক্ষায় উপযুক্ত বলে প্রমানিত হলে এবং ভর্তি ফি বাবদ ক্যাশ...../ (=.....) টাকা জমা দেওয়া স্বাপেক্ষে ভর্তি করা হবে।

তারিখ ও বার	ছাত্র/ছাত্রীর রোল নম্বর	মন্তব্য

অধ্যক্ষ

বেসরকারী.....মেডিকেল কলেজ।

অনুলিপি জ্ঞাতার্থে:-

১. চেয়ারম্যান.....মেডিকেল কলেজ।

এমবিবিএস ভর্তি পরীক্ষার লিখিত পরীক্ষায় ১০০ নম্বরের মধ্যে ন্যূনতম ৪০ নম্বর প্রাপ্ত ছাত্র-ছাত্রীরা ভর্তি হতে পারবে। এক্ষেত্রে লিখিত পরীক্ষায় ন্যূনতম ৪০ বা তদুর্ধ্ব প্রাপ্ত নম্বরধারীদের নম্বরের সাথে প্রাপ্ত জিপিএ যোগ করে ভর্তির জন্য মেধা তালিকা প্রস্তুত করা হয়েছে।

অস্বচ্ছল মেধাবী কোটায় ১ম বর্ষ এমবিবিএস কোর্সে ভর্তির আবেদনপত্র
(বেসরকারী মেডিকেল কলেজ) সেশনঃ ২০১৭-২০১৮

পাসপোর্ট সাইজের ছবি
আইকা দিয়ে লাগাতে
হবে

রেজিস্ট্রেশন নম্বর				

রোল নং				

- ১। নাম বাংলায় :
- ইংরেজীতে :
- (Capital Letter)
- ২। পিতার নাম :
- ৩। মাতার নাম :
- ৪। জাতীয়তা :
- ৫। ঠিকানা : স্থায়ী :
- জেলাঃ.....বিভাগ.....
- বর্তমান :
- ই-মেইল :টেলিফোন/মোবাইল(আবশ্যিক):

- ৬। জাতীয় ভর্তি পরীক্ষায় অর্জিত ফলাফল :

মেরিট পজিশন (বেসরকারী)	মোট স্কোর

- ৭। পছন্দের কলেজের নাম :
- ৮। পিতা/মাতা বা অভিভাবকের বার্ষিক আয় : টাকা।
- ক) ১৫০ টাকার নন জুডিশিয়াল স্ট্যাম্পে অভিভাবকের বার্ষিক আয়ের অস্বচ্ছলতার স্বপক্ষে নোটারী পাবলিক কর্তৃক প্রদত্ত হলফনামা অবশ্যই সংযুক্ত করতে হবে।
- খ) ইউনিয়ন কাউন্সিলের চেয়ারম্যান/পৌর ওয়ার্ড কাউন্সিলর / কমিশনারের অস্বচ্ছলতা স্বপক্ষে প্রত্যয়ন পত্র।

পিতা/মাতা বা অভিভাবকের স্বাক্ষর
তারিখ :

আবেদনকারীর স্বাক্ষর
তারিখ :

গভর্নিং বডির সদস্যবৃন্দের স্বাক্ষর :



অভিভাবকের হলফ নামার নমুনা

আমিবয়স.....

পিতা..... মাতা

ঠিকানা

পেশা

এই মর্মে হলফনামা প্রদান করিতেছি যে, আমি অসচ্ছল এবং আমার :-

- (১) বার্ষিক আয় ----- টাকা।
- (২) স্থাবর সম্পত্তির পরিমান -----টাকা।
- (৩) অস্থাবর সম্পত্তির পরিমান ----- টাকা।
- (৪) বার্ষিক আয়+স্থাবর সম্পত্তির মূল্যমান+অস্থাবর সম্পত্তির মূল্যমান।

মূল্যমান (সর্বসাকুল্যে = ----- টাকা। কথায় -----

আমি বেসরকারী মেডিকেল কলেজে আমার ছেলে/মেয়ে/----- কে (ছেলে/মেয়ে -----নাম-----
-----) ৫% অসচ্ছল মেধাবী কোটায় এমবিবিএস কোর্সে ভর্তি করাইতে ইচ্ছুক।

আমার ছেলে/মেয়ে মেধাবী এবং সে এসএসসি ও এইচএসসি/সমমানের পরীক্ষায় যথাক্রমে জিপিএ-----
----- পেয়ে উত্তীর্ণ হয়। ২০১৭-২০১৮ সনের এমবিবিএস পরীক্ষায় তার মেধাক্রম -----

উপরে উল্লিখিত সকল তথ্যাদি সত্য, নির্ভুল ও সঠিক।

আমার এই হলফনামার কোন অংশ পরবর্তীতে অসত্য বা ভুল প্রমাণিত হইলে ভর্তি বাতিল সহ আমার বিরুদ্ধে কর্তৃপক্ষ আইনানুগ ব্যবস্থা নিতে পারিবেন।

আমি ঘোষণা করিতেছি যে, এই হলফনামা স্বজ্ঞানে উদ্দেশ্য প্রণোদিত না হইয়া এবং মমার্থ জানিয়া বুঝিয়া দেখিয়া ও পড়িয়া স্বাক্ষর করিলাম।

নাম :

স্বাক্ষর :

সম্পর্ক :

সেলফোন :

তারিখ :

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য অধিদপ্তর
মহাখালী, ঢাকা-১২১২
www.dghs.gov.bd

স্মারক নং: স্বাঃঅধিঃ/চিঃশিঃ/বেসমেক/অঃমেঃ ছাত্র-ছাত্রীভর্তি/২০১৭/০৭৮

তারিখ: ০৫/১১/২০১৭ খ্রিঃ


প্রতি

অধ্যক্ষ
বেসরকারী মেডিকেল কলেজ (সকল)।

বিষয় : ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে এমবিবিএস কোর্সে ১ম বর্ষে ছাত্র-ছাত্রী ভর্তি সংক্রান্ত।

উপরোক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে বেসরকারী মেডিকেল কলেজে এমবিবিএস ১ম বর্ষে ছাত্র-ছাত্রী ভর্তি প্রক্রিয়া চলমান। ভর্তি প্রক্রিয়ায় স্বচ্ছতা আনায়নের লক্ষ্যে মেডিকেল কলেজ ছাত্র-ছাত্রী ভর্তি নীতিমালা-২০১১ অনুযায়ী কলেজ কর্তৃপক্ষকে সিডিউল অনুযায়ী ভর্তির অগ্রগতির তালিকাসহ পরিচালক (চিকিৎসা শিক্ষা ও স্বাস্থ্য জনশক্তি উন্নয়ন), স্বাস্থ্য অধিদপ্তরকে দফায় দফায় অবহিত করার জন্য নির্দেশনা দেওয়া হইল।

সকল বেসরকারী মেডিকেল কলেজে অস্বচ্ছল-মেধাবী ছাত্র-ছাত্রী ভর্তিতে স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাপকম এবং স্বাস্থ্য অধিদপ্তরের ১ (এক) জন করে প্রতিনিধির উপস্থিতি নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।


অধ্যাপক ডাঃ মোঃ আব্দুর রশিদ
পরিচালক
চিকিৎসা শিক্ষা ও স্বাস্থ্য জনশক্তি উন্নয়ন
স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা-১২১২
ফোন-৯৮৪৫৪০০ Fax: ৯৮৮৬৬১২।
Email: medicaledu313@gmail.com

অনুলিপি জ্ঞাতার্থে/ কার্যার্থে: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. মাননীয় মন্ত্রী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবারয়, ঢাকা (দৃঃআঃ-মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব)।
২. সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাপকম, বাংলাদেশ সচিবারয়, ঢাকা (দৃঃআঃ-সচিব মহোদয়ের একান্ত সচিব)।
৩. মহা-পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা। দৃষ্টি আকর্ষণ: সহকারী পরিচালক (সমন্বয়)।
৪. অতিরিক্ত সচিব (চিকিৎসা শিক্ষা), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাপকম, বাংলাদেশ সচিবারয়, ঢাকা।
৫. অফিস কপি।